ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা: ২ কলাম: ৩





কা বিশ্ববিদ্যালয়ে পুলিশি তাণ্ডবের প্রতিবাদে রাজধানীর মুক্তাঙ্গনে মহানগর আওয়ামী লীগের সমাবেশে বক্তৃতা করেন আব্দুস সামাদ জাদ

—ভোরের কাগজ

## আওয়ামী লীগের প্রতিবাদ সমাবেশ, মিছিল

# উপাচার্যের পদত্যাগই যথেষ্ট নয় সরকারকেও পদত্যাগ করতে হবে

কাগজ প্রতিবেদক : আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলেছেন, উপাচার্যের পদত্যাগই যথেষ্ট নয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনায় সরকারকেও পদত্যাগ করতে হবে। তারা সদ্য পদত্যাগকারী উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর বিরুদ্ধে নারী নির্যাতনের মামলা দায়েরের দাবি জানিয়ে প্রধানমন্ত্রী খালেদা জিয়ারও পদত্যাগ দাবি করে তারা বলেন, সরকারের শীর্ষ পর্যায়ের নির্দেশ ছাড়া কোনো বিশ্ববিদ্যালয়ের ছাত্রীহলে পুলিশ প্রবেশ করতে পারে না। তারা বলেন, রাজবন্দীদের মুক্তি, বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহার এবং আইনের শাসন প্রতিষ্ঠার দাবি জানিয়েছেন। আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে আন্দোলনের বীজ রোপণ করা হয়েছে সে আন্দোলন থেকেই খালেদা জিয়ার পতন হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশি হামলা, আকস্মিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক ও সাংবাদিকদের ওপর পুলিশের হামলার প্রতিবাদে ঘোষিত দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে গতকাল বিকালে মুক্তাঙ্গনে ঢাকা মহানগর আওয়ামী লীগ আয়োজিত এক এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

## উপাচার্যের পদত্যাগই যথেষ্ট নয়

● শেষের পাতার পর

প্রতিবাদ সমাবেশ থেকে এসব কথা বলা হয়।

প্রতিবাদ সমাবেশে আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সামাদ আজাদ আগামী ১৫ আগস্ট সফল করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। তিনি বলেন, অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর বিরুদ্ধে নারী নির্যাতনের মামলা করে তার বিচার করতে হবে।

সাজেদা চৌধুরী বলেন, ছাত্ররাজনীতি বন্ধের চক্রান্ত হিসেবে সরকার ছাত্রী হলগুলোতে পুলিশ লেলিয়ে দিয়েছে। তিনি আদমজী পাটকল বন্ধের ঘটনায় ক্ষোভ প্রকাশ করে বলেন, সরকার লাখ লাখ পরিবারকে পথে বসিয়ে দিয়েছে।

সাবেক মন্ত্রী আবদুর রাজ্জাক বলেন, সাবেক উপাচার্য স্বরাষ্ট্রমন্ত্রীর নির্দেশে ছাত্রী হলগুলোতে পুলিশ প্রবেশের অনুমতি দিয়েছিলেন। আর এ হামলার প্রধান হুকুমদাতা হচ্ছেন বর্তমান প্রধানমন্ত্রী। তিনি বলেন, শুধু উপাচার্য পদত্যাগ করলেই চলবে না, এ সরকারেরও পতন ঘটাতে হবে। আবদুর রাজ্জাক পুলিশ বাহিনীর উদ্দেশ্যে বলেন, আপনারা আর সরকারের চক্রান্তের শিকার হয় না। জনগণের গায়ে হাত তুলবেন না। এর পরিণাম ভালো হবে না। তিনি বলেন, অত্যাচার যতো বাড়বে আন্দোলন ততো তীব্র হবে।

তোফায়েল আহমেদ বলেন, একাত্তরে যারা রোকেয়া হলে হামলা করেছিল তাদের উত্তরসূরিরাই শামসুন্নাহার হলে হামলা করেছে। তিনি বলেন, সরকার পুলিশ দিয়ে অপরাধ করাচ্ছে। তারপর পুলিশের বিরুদ্ধেই ব্যবস্থা নিচ্ছে। খালেদা জিয়া ৫ বছর ক্ষমতায় থাকতে পারবে না। তার পরিণতি হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মতো।

সুরঞ্জিত সেনগুপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগে ছাত্রছাত্রীদের অভিনন্দন জানিয়ে বলেন, ছাত্রছাত্রীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা করেছে। তিনি বলেন, শুধু উপাচার্য ও প্রক্টরের পদত্যাগেই হবে না। স্বরাষ্ট্রমন্ত্রীরও পদত্যাগ করতে হবে এবং নারী নির্যাতন আইনে সাবেক উপাচার্যের বিচার করতে হবে।

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ নাসিম বলেন, ছাত্র সমাজ এ সরকারকে মাথানত করতে বাধ্য করেছে। এটা হলো সরকারবিরোধী আন্দোলনে ছাত্র-জনতার প্রাথমিক জয়। আর গ্যাস দেওয়ার চুক্তি হলে দিনের পর দিন হরতাল করে দেশ অচল করে দেওয়া হবে।

মতিয়া চৌধুরী বলেন, ছাত্রছাত্রীদের জয় হয়েছে। বাংলার ১৩ কোটি নিরস্ত্র মানুষের জয় হবেই হবে।

সমাবেশে আরো বক্তব্য রাখেন মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, আবদুল মান্নান, ড. মোস্তফা জালাল মহিউদ্দিন, এডভোকেট সাহারা খাতুন, এডভোকেট রহমত আলী, এডভোকেট শুধাংশু শেখর হালদার, লতিফ সিদ্দিকী, সুলতানা মোঃ মনসুর, আবদুর রহমান প্রমুখ।

প্রতিবাদ সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল মুক্তাঙ্গন থেকে শুরু হয়ে দলীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়।